



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বিদ্যালয়-১ অধিশাখা
www.mopme.gov.bd


নম্বর: ৩৮.০০.০০০০.০০৭.১১.০০৪.২০.১২.২০৭/২২০

তারিখ: ২২ ভাদ্র ১৪২৭
০৬ সেপ্টেম্বর ২০২০

বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী ২৬,১৯৩টি বেসরকারি প্রাথমিক বিদ্যালয় তিন ধাপে জাতীয়করণ করা হয় এবং সংশ্লিষ্ট বিদ্যালয়ের ১,০৪,০০০ জন শিক্ষককে আত্মীকরণ করা হয়। সার্বজনীন ও মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে কোন এলাকায় প্রাথমিক বিদ্যালয় প্রয়োজন হলে সরকার নিজ উদ্যোগে প্রাথমিক বিদ্যালয় স্থাপনসহ শিক্ষক নিয়োগ করবে। বেসরকারি প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণের আর কোন প্রস্তাব এ মন্ত্রণালয়ে বিবেচনা করার সুযোগ নেই। বিভিন্ন সূত্রে জানা যায় যে, কোন কোন স্বার্থাশ্বেসী মহল বিদ্যালয় জাতীয়করণ করা হবে মর্মে প্রচারণা চালিয়ে জনমনে বিভ্রান্তি সৃষ্টি করেছে এবং কোন কোন ক্ষেত্রে অর্থ সংগ্রহ করেছে যা অনভিপ্রেত।

এমতাবস্থায়, এ ধরনের বিভ্রান্তিকর প্রচারণায় প্ররোচিত না হওয়ার জন্য এবং বেসরকারি প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণের কোন আবেদন/সুপারিশ/প্রতিবেদন এ মন্ত্রণালয়ে প্রেরণ না করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।


(মো: আকরাম-আল-হোসেন)
সিনিয়র সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (বিজ্ঞপ্তিটি মাঠ পর্যায়ে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ২) অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
- ৩) মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট।
- ৪) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো।
- ৫) মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ)।
- ৬) বিভাগীয় কমিশনার (সকল)।
- ৭) যুগ্মসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
- ৮) জেলা প্রশাসক (সকল)।
- ৯) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
- ১০) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

- ১১) উপসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
- ১২) বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল)।
- ১৩) উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
- ১৪) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৫) জনসংযোগ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (বিজ্ঞপ্তিটি বিভিন্ন ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ১৬) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।
- ১৭) সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল)।
- ১৮) উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল)।
- ১৯) অফিস কপি।